গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পাবনা সরকারি কলেজ, পাবনা
Web: www.pabnagovernmentcollege.edu.bd Email: pgcollege2016@gmail.com
College Code: 3011 EIIN: 133812 Phone: 02588846117

স্মারক নং- পাসক/ ২০২৬/১১৯৭ তারিখ: ০১/১১/২০২৬ খ্রি.

৩য় পর্যায়ে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণিতে চূড়ান্ত ভর্তির বিজ্ঞপ্তি ও নিয়মাবলী

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণির **৩য় পর্যায়ে** ভর্তির সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন হবে। ভর্তির জন্য শিক্ষা বোর্ড কর্তৃক নির্বাচিত ছাত্র-ছাত্রীদেরকে নিচে উল্লিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি সম্পন্ন হওয়ার মেসেজ মোবাইলে প্রেরণ করা হবে। মেসেজ না পেলে অবশ্যই কলেজে এসে যোগাযোগ করতে হবে। ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদেরকে নিচে উল্লিখিত প্রয়োজনীয় কাগজাদি অফিসে জমা দিতে হবে।

ছাত্র-ছাত্রীর ধরন	সাক্ষাৎকারের সময়	বিভাগের নাম	অনলাইনে ভর্তির সময়	প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের সময়
১। সাধারণ মেধা কোটা	প্রয়োজন নেই	বিজ্ঞান	০২/১১/২০২৬ হতে ০৩/১১/২০২৬ দুপুর ০২:০০ টা পর্যন্ত	০৩/১১/২০২৬ দুপুর ০২:০০ টা পর্যন্ত
		মানবিক	০২/১১/২০২৬ হতে ০৩/১১/২০২৬ দুপুর ০২:০০ টা পর্যন্ত	০৩/১১/২০২৬ দুপুর ০২:০০ টা পর্যন্ত
		ব্যবসায় শিক্ষা	০২/১১/২০২৬ হতে ০৩/১১/২০২৬ দুপুর ০২:০০ টা পর্যন্ত	০৩/১১/২০২৬ দুপুর ০২:০০ টা পর্যন্ত
২। মুক্তিযোদ্ধা ও শিক্ষা কোটা (EQ-1 ও EQ-2)	০২/১১/২০২৬ তারিখ ১০:০০ হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত **(**প্রয়োজনীয় প্রমাণাদি/ প্রত্যয়ন ও অন্যান্য কাগজ সংগে আনতে হবে)**	সকল বিভাগ	০২/১১/২০২৬ হতে ০৩/১১/২০২৬ দুপুর ০২:০০ টা পর্যন্ত	০৩/১১/২০২৬ দুপুর ০২:০০ টা পর্যন্ত

** মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার মূল সনদ এবং সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সন্তান প্রমানের স্বপক্ষে জেলা/উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন, জন্ম নিবন্ধন মূল কপি, রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি নিয়ে আসতে হবে।
** EQ-1 ও EQ-2 কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র এবং জন্ম নিবন্ধন মূল কপি, রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি নিয়ে আসতে হবে।
** উভয় ক্ষেত্রেই প্রয়োজন অনুযায়ী অন্যান্য কাগজও নিয়ে আসতে হতে পারে।

অনলাইনে ভর্তি প্রক্রিয়া:

শিক্ষার্থীর করণীয়ঃ

১) https://pabnagovernmentcollege.eshiksaems.com

অথবা, https://bit.ly/pgcems **অথবা, Scan:**

লিংকে প্রবেশ করে নিচের আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করতে হবে।

User ID: pabnastudent Password: pabnastudent

২) লগ ইন করে '**Admission**' মেনুতে ক্লিক করে '**Click for New Admission**' এ ক্লিক করতে হবে।

৩। '**Select Department**' এবং '**Enter SSC Roll (6 Digit)**' ঘর দুটি পূরণ করে '**Check for Admission**' এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।

৪। ভর্তি ফরমে চাহিত তথ্যাদি **(কলেজ কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিহিত সাদা ব্যাকগ্রাউন্ডের ছবি আপলোড করতে হবে)** প্রদান করে '**Save**' বাটনে ক্লিক করতে হবে। নির্ধারিত ছবি অনলাইন ভর্তিতে ব্যবহৃত না হলে ভর্তিতে জটিলতা সৃষ্টি হতে পারে এবং তাদের পরিচয়পত্র সরবরাহ করা হবে না।

৫। এরপর নির্ধারিত ফি জমা দিয়ে এই একই লিংক (ওয়েবসাইট) হতে আবেদন পত্র ও টাকা পে-স্লিপের প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।

৬। ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা ওয়েবসাইট ও ফেসবুক পেইজে প্রদর্শিত হবে। কোন শিক্ষার্থী ভর্তির কনফার্মেশন মেসেজ না পেলে কিংবা তালিকায় তার নাম না থাকলে ঐদিনই কলেজে এসে যোগাযোগ করতে হবে।

ভর্তি ফি জমাদান নির্দেশনা:

ভর্তি ফি রকেট অ্যাপে গিয়ে '**Bill Pay**' অপশনে ক্লিক করে '**Pabna Govt.College Pabna**' নির্বাচন করুন। শিক্ষার্থীর আইডি হিসেবে SSC রোল নম্বর (৬ ডিজিট) প্রদান করলে শিক্ষার্থীর নাম এবং টাকার পরিমাণ প্রদর্শিত হবে। নির্ধারিত ভর্তি ফি পরিশোধ করলে শিক্ষার্থীর অভিভাবকের মোবাইলে কলেজ রোল নম্বর ও ভর্তি সম্পন্ন হওয়ার এসএমএস (SMS) যাবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পাবনা সরকারি কলেজ, পাবনা
Web: www.pabnagovernmentcollege.edu.bd Email: pgcollege2016@gmail.com
College Code: 3011 EIIN: 133812 Phone: 02588846117

নির্ধারিত ভর্তি ফি

বিবরণ	বিজ্ঞান বিভাগ	মানবিক/ ব্যবসায় শিক্ষা বিভাগ
বেতন ও অন্যান্য সরকারি পাওনা	২৬২/-	২৬২/-
কলেজের সেশন ফি	২,২০৪/-	২,২০৪/-
অভ্যন্তরীণ পরীক্ষা (অর্ধবার্ষিক, বার্ষিক)	৭০০/-	৭০০/-
অভ্যন্তরীণ চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষা ফি (প্রযোজ্য ক্ষেত্রে পত্র প্রতি ৪০/- হারে)	২০০/-	৪০/- অথবা ৮০/- অথবা, ১২০/-
সর্বমোট	**৩,৩৬৬/-**	**৩,২০৬/-+**

বিশেষ দ্রষ্টব্যঃ যে সকল শিক্ষার্থীর পাঠ বিরতি রয়েছে সে সকল শিক্ষার্থীদের পাঠ বিরতি ফি বাবদ **১৫০/-** অতিরিক্ত দিতে হবে।

প্রয়োজনীয় কাগজ জমাদানঃ

অনলাইনে ভর্তি সম্পন্ন হলে ভর্তি সম্পন্ন হওয়ার মেসেজ মোবাইলে প্রেরণ করা হবে। মেসেজ না পেলে অবশ্যই কলেজে এসে যোগাযোগ করতে হবে। ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদেরকে কোন কাগজাদি ০৩/১১/২০২৬ খ্রি. তারিখ দুপুর ০২:০০ টার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র খামে ভরে কলেজে জমা দিতে হবে।

শিক্ষার্থীকে নিচে উল্লিখিত কাগজ সিরিয়াল অনুযায়ী সাজিয়ে A4 সাইজের খাকি রঙ এর খামে ভরে শিক্ষার্থীর নাম, রোল, SSC রোল, বিভাগ ও প্রযোজ্য ক্ষেত্রে শাখার নাম লিখে জমা দিতে হবে।

প্রয়োজনীয় কাগজঃ

১। অনলাইনে ভর্তির আবেদনের প্রিন্ট কপি ২। **কলেজ ইউনিফর্ম পরিহিত সাদা ব্যাকগ্রাউন্ডের পাসপোর্ট সাইজের ২ কপি ছবি (একই ছবি অনলাইন ভর্তি ফরমে ব্যবহার করতে হবে)** ৩। পে-স্লিপের প্রিন্ট কপি	৪। SSC এর মূল ট্রান্সক্রিপ্ট এর অনলাইন কপি (পরবর্তীতে মূল ট্রান্সক্রিপ্ট পেলে তা জমা নেয়া হবে) ৫। মাধ্যমিক বিদ্যালয় কর্তৃক প্রদত্ত SSC এর মূল প্রশংসাপত্র

বিষয় গুচ্ছ (নিম্নলিখিত ছক অনুসারে বিষয় নির্বাচন করতে হবে)

বিভাগ/ শাখার নাম	আবশ্যিক বিষয় (বাধ্যতামূলক)	ঐচ্ছিক বিষয়	চতুর্থ বিষয়
বিজ্ঞান	বাংলা (১০১, ১০২) ইংরেজি (১০৭, ১০৮) আইসিটি (২৭৫) পদার্থবিজ্ঞান (১৭৪, ১৭৫) রসায়ন (১৭৬, ১৭৭)	উচ্চতর গণিত (২৬৫, ২৬৬) **অথবা** জীববিজ্ঞান (১৭৮, ১৭৯)	ঐচ্ছিক বিষয় নির্বাচনের পর সেটি বাদে অন্য বিষয়টি
মানবিক	বাংলা (১০১, ১০২) ইংরেজি (১০৭, ১০৮) আইসিটি (২৭৫)	নিচের তালিকা থেকে যেকোনো ৩টি বিষয় নিতে হবে: ক) পৌরনীতি ও সুশাসন (২৬৯, ২৭০) খ) ইতিহাস (৩০৪, ৩০৫) **অথবা** ইসলামের ইতিহাস (২৬৭, ২৬৮) গ) সমাজবিজ্ঞান (১১৭, ১১৮) ঘ) অর্থনীতি (১২১, ১২২) ঙ) ভূগোল (১২৫, ১২৬)	ঐচ্ছিক বিষয় হিসেবে যে ৩টি বিষয় নেওয়া হবে, তার বাইরে অবশিষ্ট যে কোনো ১টি বিষয় নিতে হবে। **অথবা** কৃষি শিক্ষা (২৩৯, ২৪০)
ব্যবসায় শিক্ষা	বাংলা (১০১, ১০২) ইংরেজি (১০৭, ১০৮) আইসিটি (২৭৫) হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭, ২৭৮)	নিচের তালিকা থেকে যেকোনো ১টি বিষয় নিতে হবে: ফিন্যান্স ও ব্যাংকিং (২৯২, ২৯৩) **অথবা** উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬, ২৮৭)	ঐচ্ছিক বিষয় নির্বাচনের পর সেটি বাদে অন্য যেকোনো ১ টি বিষয় **অথবা** কৃষি শিক্ষা (২৩৯, ২৪০)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পাবনা সরকারি কলেজ, পাবনা
Web: www.pabnagovernmentcollege.edu.bd Email: pgcollege2016@gmail.com
College Code: 3011 EIIN: 133812 Phone: 02588846117

একাদশ শ্রেণির ক্লাস শুরুঃ

গত ২৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার হতে একাদশ শ্রেণির ক্লাস-রুটিন অনুযায়ী ক্লাস চলমান। নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের কলেজ ইউনিফর্ম পরিধান করে চলমান ক্লাসে উপস্থিত থাকতে নির্দেশ দেয়া হলো।

প্রতি স্বাক্ষর

মোঃ কাওছার হোসেন (১৩৩২৬)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
পাবনা সরকারি কলেজ, পাবনা

01.11.26
শেখ মোহাম্মদ হাসান তারেক
সহকারী অধ্যাপক (রসায়ন)
আহবায়ক
উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণি (২০২৬-২০২৭) ভর্তি কমিটি
পাবনা সরকারি কলেজ, পাবনা

স্মারক নং- পাসক/ ২০২৬/১১৯৭ তারিখ: ০১/১১/২০২৬ খ্রি.

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো:

১। সম্পাদক, শিক্ষক পরিষদ, পাবনা সরকারি কলেজ, পাবনা
২। ....., বিভাগীয় প্রধান, ... বিভাগ, পাবনা সরকারি কলেজ, পাবনা।
৩। ....., সদস্য, উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণি (২০২৬-২০২৭) ভর্তি কমিটি, পাবনা সরকারি কলেজ, পাবনা।
৪। আহবায়ক, ওয়েবসাইট উন্নয়ন কমিটি, পাবনা সরকারি কলেজ, পাবনা (কলেজ ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)
৫। .....
৬। নোটিশ বোর্ড, পাবনা সরকারি কলেজ, পাবনা
৭। অফিস নথি ।

01.11.26
আহবায়ক
উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণি (২০২৬-২০২৭) ভর্তি কমিটি
পাবনা সরকারি কলেজ, পাবনা